

**প্রাথমিক ও ইবতেদায়ী
সমাপনী পরীক্ষা ২৯
নভেম্বর শুরু**

□ স্টাফ রিপোর্টার

প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা আগামী ২১ নভেম্বর শুরু হবে। শেষ হবে ২৯ নভেম্বর। গতকাল বুধবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এ-সংক্রান্ত জাতীয় টিয়ারিং কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়েছে। এ পরীক্ষা প্রতিদিন সকাল ১১টা থেকে ১টা পর্যন্ত হবে। পরীক্ষার ফি ৪০ টাকা নির্ধারণ করা হয়েছে। এবার পরীক্ষায় প্রতিবছরী শিক্ষার্থীরা নির্ধারিত

প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী

১০-এর পূর্তির পর সময়ের চেয়ে অতিরিক্ত ২০ মিনিট যুক্ত হবে। আগে এ বাড়তি সময় ছিল ১৫ মিনিট। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আফসারুল আযীনের সভাপতিত্বে গতকাল এ সভা অনুষ্ঠিত হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ বলেন, আগামী ২৭ ডিসেম্বর প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশের সমন্বয় তারিখ নির্ধারণ করা হয়েছে। ৩১ ডিসেম্বর শিক্ষার্থীরা নথরপত্র পাবে এবং উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২০ জানুয়ারি সনদপত্র দেওয়া হবে।

পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য সমাপনী পরীক্ষা ২০০৯ সাল থেকে শুরু হয়। প্রথমবারের মতো যেতিম পদ্ধতিতে ফল প্রকাশ করা হয় ২০১১ সাল থেকে। এবারও যেতিম পদ্ধতিতে ফল প্রকাশ করা হবে বলে মন্ত্রী জানান। সভায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব এমএম নিয়াজউদ্দিন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) আব্দুল হক চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রাথমিক শিক্ষা সমাপনী সময়সূচি
২১ নভেম্বর পবিত, ২২ নভেম্বর বাংলা, ২৬ নভেম্বর ইংরেজি, ২৭ নভেম্বর পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৮ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ এবং ২৯ নভেম্বর ধর্ম পরীক্ষা হবে।

ইবতেদায়ী শিক্ষা সমাপনী সময়সূচি
২১ নভেম্বর পবিত, ২২ নভেম্বর বাংলা, ২৬ নভেম্বর ইংরেজি, ২৭ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ/পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৮ নভেম্বর জারবি এবং ২৯ নভেম্বর ফুটবল ও জ্যাকার্ড ও ফিল্ড পরীক্ষা হবে।